



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৪.২৩.৩১৩১

তারিখ: ১৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে

- সূত্র: ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- বামাশিবো/প্রশা/224211236221/55615/নথি নং -161 তারিখ:
12/05/2022 খ্রিঃ
২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/নওগাঁ-161/12; তারিখ: 17/10/2022খ্রিঃ
৩। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের স্মারক নং-05.43.6475.000.04.003.(অংশ).23-1004; তারিখ:
20/09/2023 খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার পল্লীতলা উপজেলাধীন কাদিয়াল ছিদ্দিকিয়া দাখিল মাদ্রাসার সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি গঠনে বিভিন্ন অনিয়মের বিরুদ্ধে অভিভাবকদের পক্ষে আব্দুল মতিন গং অভিযোগ দাখিল করেছেন। অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ০২ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, পল্লীতলা, নওগাঁকে পত্র দেয়া হয়। তদন্তকারী কর্মকর্তা সূত্রোক্ত ৩ নং স্মারকে তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন। দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায়, কাদিয়াল ছিদ্দিকিয়া দাখিল মাদ্রাসা এর শিক্ষা ব্যবস্থা মূল ধারায় ফিরিয়ে আনার জন্য অতিসত্বর বর্তমান কমিটি বিলুপ্ত করা প্রয়োজন। মাদ্রাসার সুপার মোঃ নওশাদ আলী ও নিয়োগের মূল যোগসাজশকারী সহকারী শিক্ষক (শরীর চর্চা) মোঃ আসলাম আলীর বিরুদ্ধে দ্রুত বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। অত্র মাদ্রাসার ইবতেদায়ী শাখার ক্লাশের বিষয়ে বিভাগীয় তদন্ত প্রয়োজন। মাদ্রাসার সুপার মোঃ নওশাদ আলী ও নিয়োগের মূল যোগসাজশকারী সহকারী শিক্ষক (শরীর চর্চা) মোঃ আসলাম আলী এবং তাদের স্ত্রী সহ পরিবারের সদস্যদের বিগত ০৫ (পাঁচ) বছরের ব্যাংক হিসাব ও আয়ের উৎস অনুসন্ধান করা প্রয়োজন। উদ্দেশ্য প্রনোদিতভাবে মাদ্রাসার সহকারী শিক্ষক (ইংরেজী) জনাব মোঃ আব্দুল মোতালিব এর বহিষ্কারদেশ প্রত্যাহার এবং ইবতেদায়ী জুনিয়র শিক্ষক মৌসুমী খাতুনকে মিথ্যা ও হয়রানীমূলক কারণ দর্শানোর দায় থেকে অব্যাহতি প্রদান করা যেতে পারে মর্মে উপজেলা নির্বাহী অফিসার পল্লীতলা, নওগাঁ মতামত প্রদান করেন।

বর্ণিত অবস্থায়, তদন্তকারী কর্মকর্তার সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদনের আলোকে ম্যানেজিং কমিটি বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হওয়ায় অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন বাতিল করা হবে না সে বিষয়ের সুস্পষ্ট ব্যাখ্যা পত্র প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০২-১১-২০২৩

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

০২-৯৬১২৮৫৮ (ফোন)

০২৫৮৬১৬৬৮১ (ফ্যাক্স)

info@bmeb.gov.bd

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সভাপতি (ম্যানেজিং কমিটি), কাদিয়াল ছিদ্দিকিয়া দাখিল মাদ্রাসা (123622), ডাকঘর: ডাসনগর, উপজেলা: পল্লীতলা, জেলা:নওগাঁ এবং
- ২। সুপার/ভারপ্রাপ্ত সুপার, কাদিয়াল ছিদ্দিকিয়া দাখিল মাদ্রাসা (123622), ডাকঘর: ডাসনগর, উপজেলা: পল্লীতলা, জেলা:নওগাঁ।

